হে আল্লাহ! মাথা মুণ্ডনকারীদের প্রতি দয়া করুন। সহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! চুল খাটোকারীদের প্রতিও। তিনি বললেন, হে আল্লাহ! মাথা মুণ্ডনকারীদের প্রতি দয়া করুন। তারা বললেন, চুল খাটোকারীদের জন্যও (দু‘আ করুন) হে আল্লাহর রাসূল! তিনি বললেন, এবং চুল খাটোকারীদের প্রতিও।

‘আবদুল্লাহ ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, “হে আল্লাহ! মাথা মুণ্ডনকারীদের প্রতি দয়া করুন। সহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! চুল খাটোকারীদের প্রতিও? তিনি বললেন,
হে আল্লাহ! মাথা মুণ্ডনকারীদের প্রতি দয়া করুন। তারা বললেন, চুল খাটোকারীদের
প্রতিও হে আল্লাহর রাসূল ? তিনি বললেন, হে আল্লাহ! মাথা মুণ্ডনকারীদের প্রতি দয়া
করুন। তারা বললেন, চুল খাটোকারীদের প্রতিও হে আল্লাহর রাসূল ? তিনি বললেন, এবং চুল খাটোকারীদের প্রতিও।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মাথা মুন্ডন ও চুল ছোট করা হজ ও উমরার বিধানসমূহের একটি। আর মাথা মুন্ডন করা ছোট করা অপেক্ষা উত্তম। কারণ, আল্লাহর নির্দেশে মাথার চুল গোড়া থেকে ফেলে দেওয়ার দ্বারা আল্লাহর ইবাদত ও তার জন্য নিজেকে হেয়ো করার বিষয়টি বেশী প্রকাশ পায়। আর এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা মুন্ডনকারীদের জন্য রহমতের দো‘আ করেছেন তিনবার। উপস্থিত লোকেরা চুল ছোটকারীদের কথা তাকে স্মরণ করিয়ে দিলে তিনি তাদের কথা এড়িয়ে যান। আর তৃতীয় বা চতুর্থবার তিনি দো‘আয় চুল খাটকারীদের শামীল করেন। এতে প্রমাণিত হয় যে, পুরুষের জন্য হলক করাই উত্তম। আর এটি তখন যখন সে তামাত্তুর উমরায় না হবে এবং সময়ও এতটুকু সংকীর্ণ না হবে যে, হজে হলক করার জন্যে চুল গজাবে না। এরূপ ক্ষেত্রে তার জন্যে চুল ছোট করা উত্তম, কারণ, সে অচীরেই হজের সময় হলক করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/7185